03 AUG 2016

দৈনিক ইত্তেফাক

# চাটখিলে উচ্চ মাধ্যমিক শ্রেণির ভর্তিতে অতিরিক্ত অর্থ আদায়!

■ চাটখিল ও সোনাইমুড়ি (নোয়াখালী) সংবাদদাতা

নোয়াখালী জেলার চাটখিলে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তিতে বিনা রশিদে সরকার নির্ধারিত ফি'র চেয়ে দুই-তিন গুণ বেশি অতিরিক্ত অর্থ আদায় করা হয়েছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

অভিযোগে জানা গেছে, চাটখিল মহিলা কলেজে ৩৩৪ জন শিক্ষার্থী এ বছর ভর্তি হয়েছে। সরকারিভাবে সেশন চার্জসহ ভর্তি ফি এক হাজার টাকা নির্ধারণ করা থাকলেও এখানে প্রতি শিক্ষার্থী থেকে দুই হাজার ২০০ টাকা বিনা রশিদে বেশি আদায় করা হয়েছে।

কলেজের অধ্যক্ষ সাইফুল ইসলাম জানান, কলেজের উন্নয়নের জন্য এ টাকা আদায় করা হয়েছে। সোমপাড়া কলেজেও অতিরিক্ত টাকা আদায় করা হয়েছে। এখানে ভর্তি হয়েছে ৩০৩ জন শিক্ষার্থী।

এ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহিউদ্দিন জানান, অনেক ছাত্রের নিকট থেকে তারা সরকার নির্ধারিত ফি'র চেয়ে কম নিতে হয়েছে। কলেজের উন্নয়ন ফি নিতে সরকারি নির্দেশনা রয়েছে।

ভীমপুর কারিগরি কলেজে ১২০ জন ভর্তি হয়েছে। এদের নিকট থেকেও অতিরিক্ত অর্থ আদায় করা হয়েছে।

নাম প্রকাশ্যে অনিচ্ছুক অনেক অভিভাবক ভর্তির অতিরিক্ত অর্থ পরিশোধ করার জন্য ধার-দেনা করতে হয়েছে বলে জানান। তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, এ সমস্ত বিষয়ে প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে অভিযোগ দিলেও কোনো কাজ হয় না। এসব কলেজ প্রতিবছর পরীক্ষার ফরম পূরণের সময় অতিরিক্ত অর্থ আদায় করে থাকে। এতে করে শিক্ষার্থীদের নিকট থেকে প্রতি বছর লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়া হয়।

কুমিল্লা শিক্ষা বোর্ড কলেজ শাখার পরিদর্শক মো. জামাল নাছের জানান, শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করা হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আবরাউল হাসান মজুমদার জানান, তার কাছে এ বিষয়ে কোনো অভিযোগ আসেনি। অভিযোগ আসলে তিনি খতিয়ে দেখবেন।